

ঢাকা বিশ্ববিদ্যালয়

(অধিভুক্ত কলেজ)

গ্রেডিং/ জিপিএ পদ্ধতিতে এক বৎসর মেয়াদি এম এ (শেষ পর্ব) শ্রেণির পাঠক্রম

শিক্ষাবর্ষ : ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯

(দ্বিতীয় কমিটি অব কোর্সেস সভায় অনুমোদিত)

- ১। বাংলা বিষয়ে এম এ (শেষপর্ব) শ্রেণির পাঠ গ্রহণের সময় ১ বৎসর।
- ২। এম এ শ্রেণিতে ০৮টি পূর্ণপত্র এবং ০১টি অর্ধপত্র থাকবে। প্রতি পূর্ণপত্রের নম্বর ১০০ এবং খণ্ডপত্রের নম্বর ৫০।
৮টি পূর্ণপত্র ও ১টি খণ্ডপত্রের সর্বমোট নম্বর : ৮৫০
প্রতিটি পূর্ণপত্রের ক্রেডিট-সংখ্যা ৪
প্রতি ১ ক্রেডিট কোর্সের সংযোগ-ঘণ্টা : ১৫ = ২৫ নম্বর
প্রতি ৪ ক্রেডিট কোর্সের সংযোগ-ঘণ্টা $১৫ \times ৪ = ৬০ = ১০০$ নম্বর
- ৩। প্রতিটি পূর্ণ কোর্স বিভাগের এক বা একাধিক শিক্ষক পড়াবেন। অন্য বিভাগ বা বিশ্ববিদ্যালয় বা কলেজের শিক্ষকও খণ্ডকালীন শিক্ষক হিসেবে পাঠদান করতে পারবেন।
- ৪। প্রতিটি কোর্সের জন্য সংশ্লিষ্ট শিক্ষক সপ্তাহে ২টি ক্লাস নেবেন। প্রতি ক্লাসের সময় ১ ক্রেডিট ঘণ্টা। প্রতি কোর্সের মোট ক্লাস-সংখ্যা ৬০টি।
- ৫। প্রতি ৪ ক্রেডিট কোর্সের নম্বর বণ্টন নিম্নরূপ :
 - ক. চূড়ান্ত পরীক্ষা : ৮০ নম্বর
প্রতি কোর্স সমাপ্তির পর চূড়ান্ত পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত পরীক্ষার সময় ৪ ঘণ্টা। প্রতি পরীক্ষায় রচনামূলক প্রশ্ন থাকবে। সাধারণভাবে শিক্ষার্থীদের ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। রচনামূলক প্রশ্ন থাকবে ৪টি; নম্বর $১৬ \times ৪ = ৬৪$ । পঞ্চম প্রশ্ন হবে তুলনামূলক; নম্বর ১৬।
দুজন শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন ও মূল্যায়ন করবেন। দুজন শিক্ষকের প্রদত্ত নম্বর গড় করা হবে। নম্বরের ব্যবধান ২০%-এর বেশি হলে তৃতীয় পরীক্ষক নিযুক্ত হবেন। তিনজন পরীক্ষকের নম্বরের মধ্যে নিকটতর দুটি নম্বর গড় করে চূড়ান্ত নম্বর নির্ধারিত হবে।
 - খ. ১টি মিডটার্ম পরীক্ষা : ১৫ নম্বর। মিডটার্ম পরীক্ষার উত্তরপত্র সংশ্লিষ্ট কলেজ ফল-প্রকাশের পূর্ব পর্যন্ত সংরক্ষণ করবে।
 - গ. প্রতি কোর্সে শ্রেণি-উপস্থিতি ও অংশগ্রহণ : ৫ নম্বর
 ৯০% বা তার অধিক উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ৫, ৮৫% থেকে ৮৯% উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ৪, ৮০% থেকে ৮৪% উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ৩, ৭৫% থেকে ৭৯% উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ২, ৬০% থেকে ৭৪% উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ১, ৬০% -এর নিচে উপস্থিতির জন্য প্রাপ্য নম্বর ০০।
চূড়ান্ত পরীক্ষা : ৮০ নম্বর
মিডটার্ম পরীক্ষা : ১৫ নম্বর
ক্লাস-উপস্থিতি : ০৫ নম্বর
সর্বমোট : ১০০ নম্বর
- ৬। চূড়ান্ত পরীক্ষার শেষে পরীক্ষা কমিটি ৫০ নম্বরের (খণ্ডপত্র) মৌখিক পরীক্ষা গ্রহণ করবে। মৌখিক পরীক্ষার গণনাযোগ্য নম্বর স্বতন্ত্রভাবে ৪০%।
- ৭। ফলপত্রে নিম্নোক্ত তথ্য থাকবে :
 - অক্ষর-গ্রেড (Letter Grades)
 - গ্রেড-পয়েন্ট (GP)
 - গ্রেড-পয়েন্ট গড় (GPA)

গ্রেড নির্ধারণ করা হবে এভাবে :

নম্বর (Numerical Grades)	অক্ষর Letter Grades)	গ্রেড-পয়েন্ট (GP) (পূর্ণপত্র)
80 and above	A+	4.00
75 to less than 80	A	3.75
70 to less than 75	A-	3.50
65 to less than 70	B+	3.25
60 to less than 65	B	3.00
55 to less than 60	B-	2.75
50 to less than 55	C+	2.50
45 to less than 50	C	2.25
40 to less than 45	D	2.00
Less than 40	F	0.00
Incomplete (Does not take an exam)	I	0.00
Withdrawn (Does not attend any class and take any exam)		0.00

কোনো কোর্সে (B-)-এর কম পেলে পরীক্ষার্থী অব্যবহিত পরবর্তী বর্ষের পরীক্ষার্থীর সঙ্গে পুনরায় (মাত্র একবার) পরীক্ষা দিতে পারবে। পুনঃপরীক্ষা দিলে ঐ কোর্সের পূর্ববর্তী নম্বর বাতিল হয়ে যাবে।

**এম এ (শেষপর্ব)
পাঠক্রম**

কোর্স ৫০০১ : বাংলা কবিতা-১ [Bengali Poetry-1]

নম্বর বন্টন : শ্রেণি-উপস্থিতি ৫ + মিডটার্ম ১৫ + চূড়ান্ত পরীক্ষা ৮০=১০০

রবীন্দ্রনাথ ঠাকুর : বলাকা; পুনশ্চ; শেষলেখা
কাজী নজরুল ইসলাম : বিষের বাঁশী; সাম্যবাদী; সিঙ্ক-হিন্দোল
জীবনানন্দ দাশ : ধূসর পাণ্ডলিপি; রূপসী বাংলা; সাতটি তারার তিমির
জসীমউদ্দীন : রাখালী; ধানক্ষেত; মাটির কান্না

কোর্স ৫০০২ : বাংলা কবিতা-২ [Bengali Poetry-2]

নম্বর বন্টন : শ্রেণি-উপস্থিতি ৫ + মিডটার্ম ১৫ + চূড়ান্ত পরীক্ষা ৮০=১০০

ফররুখ আহমদ : সাত সাগরের মাঝি; মুহূর্তের কবিতা; হে বন্য স্বপ্নেরা
শামসুর রাহমান : নিজ বাসভূমে; ইকরুসের আকাশ; উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ
আল মাহমুদ : কালের কলস; সোনালি কাবিন; মিথ্যাবাদী রাখাল
আবুল হাসান : রাজা যায় রাজা আসে ; যে তুমি হরণ করো; পৃথক পালঙ্ক

কোর্স ৫০০৩ : বাংলা উপন্যাস-১ [Bengali Novel-1]

নম্বর বন্টন : শ্রেণি-উপস্থিতি ৫ + মিডটার্ম ১৫ + চূড়ান্ত পরীক্ষা ৮০=১০০

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় : কৃষ্ণকান্তের উইল; রাজসিংহ; আনন্দমঠ
রবীন্দ্রনাথ ঠাকুর : চতুরঙ্গ; ঘরে-বাইরে; যোগাযোগ
তারাক্ষর বন্দ্যোপাধ্যায় : চৈতালী-ঘূর্ণি; কালিন্দী; কবি
মানিক বন্দ্যোপাধ্যায় : দিবারাত্রির কাব্য; পদ্মানদীর মাঝি; চিহ্ন

কোর্স ৫০০৪ : বাংলা উপন্যাস-২ [Bengali Novel-2]

নম্বর বন্টন : শ্রেণি-উপস্থিতি ৫ + মিডটার্ম ১৫ + চূড়ান্ত পরীক্ষা ৮০=১০০

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় : আরণ্যক; অশনি সংকেত; ইছামতী
সত্যেন সেন : অভিশপ্ত নগরী; পাপের সন্তান; উত্তরণ
সৈয়দ ওয়ালীউল্লাহ : চাঁদের অমাবস্যা; কাঁদো নদী কাঁদো; The Ugly Asian (শিবব্রত বর্মণ অনূদিত 'কদর্য এশীয়')
শামসুদ্দীন আবুল কালাম : কাশবনের কন্যা; জায়জঙ্গল; সমুদ্র বাসর

কোর্স ৫০০৫ : বাংলা ছোটগল্প [Bengali Short Story]

নম্বর বন্টন : শ্রেণি-উপস্থিতি ৫ + মিডটার্ম ১৫ + চূড়ান্ত পরীক্ষা ৮০=১০০

জগদীশচন্দ্র গুপ্ত : বিনোদিনী; রূপের বাহিরে; উদয়লেখা
নারায়ণ গঙ্গোপাধ্যায় : বীতংস; কালাবদর; দুঃশাসন
আলাউদ্দিন আল আজাদ : জেগে আছি; ধানকন্যা; অন্ধকার সিঁড়ি
হাসান আজিজুল হক : আত্মজা ও একটি করবী গাছ; জীবন ঘষে আগুন; নামহীন গোত্রহীন

কোর্স ৫০০৬ : বাংলা নাটক [Bengali Drama]

নম্বর বন্টন : শ্রেণি-উপস্থিতি ৫ + মিডটার্ম ১৫ + চূড়ান্ত পরীক্ষা ৮০ = ১০০

রবীন্দ্রনাথ ঠাকুর : রাজা; মুক্তধারা; রক্তকরবী
সৈয়দ ওয়ালীউল্লাহ : বহিপীর; তরঙ্গভঙ্গ; উজানে মৃত্যু
উৎপল দত্ত : অঙ্গার; রাইফেল; টিনের তলোয়ার
সৈয়দ শামসুল হক : গণনায়ক; নূরলদীনের সারাজীবন; ঈর্ষা

কোর্স ৫০০৭ : বাংলা গদ্য [Bengali Prose]

নম্বর বন্টন : শ্রেণি-উপস্থিতি ৫ + মিডটার্ম ১৫ + চূড়ান্ত পরীক্ষা ৮০=১০০

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর : বাল্যবিবাহের দোষ; শকুন্তলা; বিধবাবিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব;
বহুবিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক বিচার; প্রভাবতী সম্ভাষণ।
রবীন্দ্রনাথ ঠাকুর : আত্মপরিচয়; কালান্তর
প্রমথ চৌধুরী : প্রবন্ধসংগ্রহ (অতুলচন্দ্র গুপ্ত সম্পাদিত)
অনুদাশঙ্কর রায় : আর্ট; বাংলার রেনেসাঁস

কোর্স ৫০০৮ : বিশ্বসাহিত্য [World Literature]

নম্বর বন্টন : শ্রেণি-উপস্থিতি ৫ + মিডটার্ম ১৫ + চূড়ান্ত পরীক্ষা ৮০ = ১০০

ওমর খৈয়াম : রুবাইয়াৎ (কাজী নজরুল ইসলাম অনূদিত রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম)
উইলিয়াম শেক্সপিয়ার : হ্যামলেট (শামসুর রাহমান অনূদিত)
শার্ল বোদলেয়ার : শার্ল বোদলেয়ার : তাঁর কবিতা (বুদ্ধদেব বসু অনূদিত)
ম্যাক্সিম গোর্কি : মা (পুষ্পময়ী বসু অনূদিত)

কোর্স ৫০০৯ : মৌখিক পরীক্ষা (viva voce) : ৫০ নম্বর

১০/০৬/২০১৮ তারিখে বাংলা বিভাগের দ্বিতীয় কমিটি অব কোর্সেস সভায় অনুমোদিত।

(ডক্টর ভীষ্মদেব চৌধুরী)

অধ্যাপক ও সভাপতি

বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।